ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

<u>স-৩৩০৯</u>

আগরতলা,১৮ অক্টোবর,২০২৫

**বিহার বিধানসভা নির্বাচন ও উপনির্বাচন ২০২৫ : ভোটের দিনে সবেতন ছুটি ঘোষণা**

ভারতের নির্বাচন কমিশন ২০২৫ সালের বিহার বিধানসভার সাধারণ নির্বাচন এবং ৮টি বিধানসভা আসনের উপনির্বাচনের সময়সূচি ঘোষণা করেছে।

বিহারে ভোটগ্রহণের তারিখ নির্ধারণ করা হয়েছে- প্রথম দফার জন্য ৬ নভেম্বর, ২০২৫ (বৃহস্পতিবার) এবং দ্বিতীয় দফার জন্য ১১ নভেম্বর, ২০২৫ (মঙ্গলবার)। এছাড়াও, সকল ৮টি বিধানসভা আসনের উপনির্বাচনও ১১ নভেম্বর, ২০২৫ তারিখেই অনুষ্ঠিত হবে।

জনপ্রতিনিধিত্ব আইন, ১৯৫১-এর ধারা ১৩৫(বি) অনুযায়ী, যে কোনও ব্যবসা, বাণিজ্য, শিল্প প্রতিষ্ঠান বা অন্যান্য সংস্থায় নিযুক্ত এবং লোকসভা বা কোনও রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলের বিধানসভা নির্বাচনে ভোট দেওয়ার যোগ্য প্রত্যেক কর্মচারিকে ভোটগ্রহণের দিনে সবেতন ছুটি প্রদান করতে হবে।

এই সবেতন ছুটির জন্য কর্মচারির বেতন কাটা যাবে না। যে কোনও নিয়োগকর্তা এই বিধান লঙ্ঘন করলে তাঁকে জরিমানার মুখোমুখি হতে হবে। দৈনিক মজুরিভিত্তিক ও চুক্তিভিত্তিক শ্রমিকেরাও ভোটগ্রহণের দিনে সবেতন ছুটির অধিকারী হবেন।

কমিশন আরও স্পষ্ট করেছে যে, যেসব ভোটার (দৈনিক বা চুক্তিভিত্তিক শ্রমিকসহ) তাঁদের নিজ নিজ নির্বাচনী এলাকার বাইরে অবস্থিত কোনও শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে কর্মরত, কিন্তু যাঁরা এমন কোনও আসনের ভোটার যেখানে ভোটগ্রহণ হচ্ছে, তাঁরাও ভোটদানের জন্য ভোটের দিনে সবেতন ছুটি পাবেন।

কমিশন সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সরকারকে নির্দেশ দিয়েছে যে, তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে যাতে এই বিধানগুলি কঠোরভাবে মেনে চলা হয় এবং প্রত্যেক ভোটার যেন নির্বিঘ্নে ও স্বাধীনভাবে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****